**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/1/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল শিক্ষার্থীদের কলেজের জন্য আরো ভালো প্রস্তুতি নিতে সাহায্য করার জন্য 28 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল ঘোষণা করলেন

***অনুদানটি নিম্ন আয়ের এবং সংখ্যালঘু শিক্ষার্থীদের জন্য উচ্চশিক্ষা অর্জনের একটি পথ তৈরি করে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটকে একটি 28 মিলিয়ন মার্কিন ডলারের, সাত বছরের আন্ডারগ্র্যাজুয়েট কর্মসূচির জন্য দ্রুত সচেতনতা ও প্রস্তুতি প্রাপ্তির (Gaining Early Awareness and Readiness for Undergraduate Programs, GEAR UP) প্রতিযোগিতামূলক অনুদান পেয়েছে মার্কিন শিক্ষা বিভাগ (U.S. Department of Education) থেকে যাতে নিউ ইয়র্ক স্টেটের 6,200-র বেশি নিম্ন আয়ের শিক্ষার্থী কলেজ এবং ক্যারিয়ারের প্রস্তুতি বৃদ্ধি করতে পারে। GEAR UP কর্মসূচিটি নিউ ইয়র্কের উচ্চ দারিদ্র্যের মিডল এবং হাই স্কুলের শিক্ষার্থীদেরকে কলেজের জন্য এবং সেখানে সফল হওয়ার জন্য প্রস্তুত করবে।

"আমার প্রশাসন নিউ ইয়র্কের সকল শিক্ষার্থীর জন্য উচ্চতর শিক্ষকের সমান সুযোগ সম্প্রসারণ করতে প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর হোকল বলেন।** "নিম্ন আয়ের গৃহস্থালির শিক্ষার্থীদের সংস্থান প্রদান করার মাধ্যমে, আমরা একটি মাধ্যমিক পরবর্তী শিক্ষার প্রতিবন্ধকতা অপসারণ করছি এবং নিশ্চিত করছি যাতে সকল নিউ ইয়র্কবাসীর কাছে সমৃদ্ধির জন্য প্রয়োজনীয় সরঞ্জাম থাকে। আমাদের শিক্ষার্থীদের সফলতার পথে স্থাপন করলে তা আমাদের স্টেট, দেশ এবং এর বাইরেও সর্বোচ্চ প্রতিযোগিতামূলক সুবিধার ক্ষেত্রে তাদের স্থাপন করতে সাহায্য করবে।"

গ্রেড 7 থেকে শুরু করে কলেজের ফ্রেশম্যান বছর পর্যন্ত শিক্ষার্থীরা সমর্থন সেবা পাওয়ার সুযোগ পাবে যার মধ্যে আছে টিউটোরিং এবং হোমওয়ার্ক সহায়তা, একাডেমিক কাউন্সেলিং, মেন্টরিং, কলেজ এবং ক্যারিয়ার কাউন্সেলিং, আর্থিক সাক্ষরতা, কলেজ পরিদর্শন, এবং গ্রীষ্মকালীন পড়াশোনা যাতে তাদের কলেজে ভর্তি এবং সেখানে সফল হতে সাহায্য করা যায়। NYGEAR UP এছাড়াও পিতামাতা ও অভিভাবকদের সেবা এবং শিক্ষক, কাউন্সেলর এবং প্রশাসকদের পেশাদারি প্রবৃদ্ধি প্রদান করছে।

এটি ধারাবাহিকভাবে চতুর্থ GEAR UP অর্থ যা নিউ ইয়র্ক স্টেট পেয়েছে এবং মার্কিন শিক্ষা বিভাগ কর্তৃক 2022 সালে অর্থায়িত মাত্র দুইটি GEAR UP স্টেটের একটি। নিউ ইয়র্ক স্টেটের উচ্চতর শিক্ষা সেবা কর্পোরেশন (New York State Higher Education Services Corporation)

NYGEAR UP কর্মসূচিটি পরিচালনা করবে নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY), নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি (City University of New York, CUNY), স্বাধীন কলেজ ও ইউনিভার্সিটির কমিশন (Commission on Independent Colleges and Universities, CICU), নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগ (New York State Department of Labor), এবং অন্যান্য বিভিন্ন স্টেট এজেন্সির সাথে অংশীদারিত্বের মাধ্যমে।

**নিউ ইয়র্ক স্টেটের উচ্চতর শিক্ষা সেবা কর্পোরেশনের প্রেসিডেন্ট ডাঃ গিলার্মো লিনারেস বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের GEAR UP কর্মসূচি মাধ্যমিক পরবর্তী শিক্ষাকে হাজার হাজার নিউ ইয়র্ক শিক্ষার্থীর হাতের নাগালে আনতে সাহায্য করেছে এবং আমি অতি আনন্দিত যে নিউ ইয়র্ক এই অর্থ পেয়েছে যাতে করে আরো স্বল্প প্রতিনিধিত্ব পাওয়া শিক্ষার্থী একটি উচ্চতর শিক্ষায় অংশগ্রহণ ও সফল হওয়ার জন্য তাদের প্রয়োজনীয় সমর্থন পেতে পারে। আমাদেরকে নিম্ন আয়ের শিক্ষার্থীদের জন্য, যারা উচ্চতর শিক্ষার ক্ষেত্রে অসমতার সম্মুখীন হয়, তাদের জন্য কলেজের পথ তৈরি করে যেতে হবে।"

**SUNY-র অন্তর্বর্তীকালীন চ্যান্সেলর ডেবোরাহ এফ. স্ট্যানলি বলেন,** "SUNY বিশেষভাবে প্রতিষ্ঠিত হয়েছিলো সকল পর্যায়ের শিক্ষার্থীদের সহজলভ্য ও সাশ্রয়ী শিক্ষা প্রদান করার জন্য। এই তহবিলটি আরো বেশি মানুষকে একটি কলেজ ডিগ্রির পথে স্থাপন করতে নিউ ইয়র্ক স্টেটের দীর্ঘদিনের প্রয়াসের অনুবর্তী হবে, যার মধ্যে রয়েছে টিউশন সহায়তা কর্মসূচির (Tuition Assistance Program) মাধ্যমে আর্থিক সহায়তা এবং শিক্ষাগত সুযোগ কর্মসূচির (Educational Opportunity Program) মাধ্যমে একাডেমিক সমর্থন। এটি আমাদের শিক্ষার্থীদের সফলতায় একটি বিনিয়োগ, এবং একটি কলেজ ডিগ্রি পাওয়ার উল্লেখযোগ্য ইতিবাচক প্রভাবের স্বীকৃতিতে উচ্চতর শিক্ষাকে আরো ব্যাপকভাবে উপলভ্য করতে গভর্নর হোকলের অবিচল প্রতিশ্রুতির কৃতিত্ব। এছাড়াও আমি আমাদের ফেডারেল অংশীদারদের প্রশংসা করছি যাদের সবথেকে বেশি প্রয়োজন তাদের জন্য GEAR UP তহবিল উপলভ্য করার জন্য।"

**CUNY চ্যান্সেলর ফেলিক্স ভি. ম্যাটোস রড্রিগেজ বলেন,** "GEAR UP কর্মসূচিটি একটি গুরুত্বপূর্ণ এবং প্রয়োজনীয় প্রতিষেধক যা নিম্ন আয়ের গৃহস্থালির নিউ ইয়র্কবাসীর জন্য সফল হওয়ার প্রতিবন্ধকতা নির্মূল করতে সাহায্য করবে, যার মধ্যে থাকবে বহু হাজার শিক্ষার্থী যারা সিটির হাই স্কুলে যায় এবং CUNY ব্যবস্থায় প্রবেশ করার আশা রাখে। GEAR UP তহবিল বিভিন্ন ধরনের কর্মসূচিকে সহায়তা করে এবং সেই সাথে বহু শিক্ষার্থীকে তাদের ডিগ্রি সম্পূর্ণ করতে, সমৃদ্ধিশালী ক্যারিয়ার শুরু করতে এবং তাদের অর্থনৈতিক পরিস্থিতি উন্নত করার জন্য CUNY-তে প্রবেশ করতে সাহায্য করে।"

**নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন,** "GEAR UP কর্মসূচি স্টেটজুড়ে শিক্ষার্থীদের জন্য জীবন বদলে দেওয়ার মতো সংস্থান হিসেবে প্রমাণিত হয়েছে এবং আমি অতি আনন্দিত যে এটি অব্যাহত থাকছে। এই শিক্ষার্থীরাই নিউ ইয়র্কের ভবিষ্যৎ কর্মীবাহিনী গঠন করবে। একটি সমতার পর্যায়ে শুরু করা এবং সফল, সন্তোষজনক ক্যারিয়ারের পথে যাওয়ার প্রতিটি সুযোগ তাদের প্রাপ্য।"

**স্বাধীন কলেজ ও ইউনিভার্সিটির কমিশনের প্রেসিডেন্ট লোলা ডব্লিউ. ব্র্যাবহাম বলেন,** "নিউ ইয়র্কের সামনে বেশ কঠিন সময় আসছে। কোভিড মহামারী গভীর ক্ষত রেখে গেছে, দৃশ্যমান ও অদৃশ্য উভয় ধরনের, এবং আমাদের মানব মূলধনের ভঙ্গুরতা প্রকট করেছে। সৌভাগ্যবশত, নিউ ইয়র্কের বিশ্বমানের কলেজ ও ইউনিভার্সিটি, সরকারি বেসরকারি উভয় ধরনের, স্টেটকে এই সমস্যা সম্মুখীন করতে সাহায্য করার জন্য ভালো অবস্থানে আছে। CICU এবং এর সদস্য কলেজ ও ইউনিভার্সিটিগুলি স্টেটের সাথে ঘনিষ্ঠ অংশীদারিত্বে এই গুরুত্বপূর্ণ কাজটি অব্যাহত রক্ষার সুযোগকে স্বাগত জানাচ্ছে যাতে করে মাধ্যমিক পরবর্তী শিখায় প্রবেশ ও এখানে সফল হতে প্রস্তুত শিক্ষার্থীর সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করা যায়। GEAR UP শিক্ষার্থীদের তাদের সর্বোচ্চ সম্ভাবনায় পৌঁছাতে প্রয়োজনীয় সংস্থান ও সমর্থন পেতে সাহায্য করে।"

এই অর্থের জন্য আবেদন করা এবং নির্বাচিত হওয়া যোগ্য স্কুল এবং অলাভজনক এনটিটিকে জানুয়ারি মাসে এ ব্যাপারে জানানো হবে। NYGEAR UP কর্মসূচির ব্যাপারে আরো তথ্যের জন্য ভিজিট করুন https://gearup.ny.gov/।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418